'ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৮.২১- ১১৪২ .

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ / ১৩ মার্চ ২০২৪

বিষয়: ১৭ মার্চ ২০২৪ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪' যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সাহান আরা বানু, এনডিসি
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

তারিখ ও সময় : ০৬.০৩. ২০২৪, বিকাল ২.৩০ ঘটিকা

স্থান : বিজয়' ৭১, ২য় তলা, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি পরিচালক (প্রশাসন)-কে আলোচ্যসূচি অনুযায়ী তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরিচালক (প্রশাসন) কর্তৃক উপস্থাপিত তথ্যাদির ওপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের সকল কার্যালয়/প্রতিষ্ঠান কর্তৃক 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪' যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে আলোচনা হয়। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নেতৃত্বে ১৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় ৩২ নম্বরস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (আইইএম) |
| ০২. | দেশব্যাপী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন ঢাকাস্থ ০৩টি প্রতিষ্ঠান এবং বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসহ দেশব্যাপী সকল সেবাকেন্দ্রে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, রচনা প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তি / চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে । | ক. ঢাকাস্থ ০৩টি প্রতিষ্ঠান মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর/লালকুঠি এবং মোহাম্মদপুর ফার্টিলিটি এন্ড ট্রেনিং সেন্টারে দিবসটির প্রতিপাদ্য 'বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে আনব হাসি সবার ঘরে' বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের নামের তালিকা মহাপরিচালক (গ্রেড-১) পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর ১৩.০৩.২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও উক্ত ০৩টি প্রতিষ্ঠানে স্ব স্ব ব্যবস্থাপনায় ১৭ মার্চ ২০২৪ তারিখে দিবসটির প্রতিপাদ্য বিষয়ক আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় | পরিচালক (এমসিএইচটিআই/ এমএফএসটিসি), আজিমপুর/ লালকুঠি/ মোহাম্মদপুর, ঢাকা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | খ. ঐতিহাসিক ১৭ মার্চ ২০২৪ উদযাপন উপলক্ষে স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত সরকারি কর্মসূচিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণ এবং সুবিধাজনক সময়ে সেবাগ্রহীতাদের উপস্থিতিতে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসহ দেশব্যাপী সকল সেবাকেন্দ্রে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, রচনা প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তি/ চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ হাসপাতাল/ সেবা প্রতিষ্ঠান/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান |
| ০৩. | জাতীয় পতাকা উত্তোলন | ঐতিহাসিক ১৭ মার্চ ২০২৪ পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসহ দেশব্যাপী সকল সেবাকেন্দ্রে মন্ত্রিপরিষদ কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসারে সঠিক মাপ ও রং এর জাতীয় পতাকা উত্তোলন বিষয়ে আলোচনা করা হয়। | ঐতিহাসিক ১৭ মার্চ ২০২৪ পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসহ দেশব্যাপী সকল সেবাকেন্দ্রে মন্ত্রিপরিষদ কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসারে সূর্যোদয়ের সাথে সাথে সঠিক মাপ ও রং এর জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | প্রশাসন ইউনিট (কমন সার্ভিস), সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ হাসপাতাল/ সেবা প্রতিষ্ঠান/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান |
| ০৪. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে আয়োজিত অনুষ্ঠান সফল করার নিমিত্ত সহায়তা প্রদান | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে আয়োজিত অনুষ্ঠান সফল করার নিমিত্ত জেলা প্রশাসন, গোপালগঞ্জ এর সাথে সমন্বয় করে আলোচনা সভাসহ সকল কর্মসূচি আয়োজন করা যেতে পারে | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে আয়োজিত অনুষ্ঠান সফল করার নিমিত্ত জেলা প্রশাসন, গোপালগঞ্জ এর সাথে সমন্বয় করে আলোচনা সভাসহ সকল কর্মসূচি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপপরিচালক (পরিবার পরিকল্পনা), গোপালগঞ্জ ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (গোপালগঞ্জ) |
| ০৫. | জাতির পিতার জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে 'বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনব হাসি সবার ঘরে' সর্ম্পকে আলোচনা সভা, দোয়া ও মোনাজাত অনুষ্ঠান | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক 'বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনব হাসি সবার ঘরে' সর্ম্পকে আলোচনা সভা, দোয়া ও মোনাজাত আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয় | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক 'বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনব হাসি সবার ঘরে' প্রতিপাদ্যের উপর আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখে আলোচনা সভা, দোয়া ও মোনাজাত আয়োজন/অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>খ. রচনা প্রতিযোগিতা/ কবিতা আবৃত্তি/ চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে শুভেচ্ছা পুরস্কার হিসেবে জাতির পিতার জীবনী ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরিচালক (আইইএম) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (আইইএম) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | দিবস সংশ্লিষ্ট স্ব স্ব কর্মসূচি এবং শিশু সংশ্লিষ্ট উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য সংগ্রহ ও প্রেরণ | দিবস সংশ্লিষ্ট কর্মসূচি এবং শিশু সংশ্লিষ্ট উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য সংগ্রহ করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসহ দেশব্যাপী সকল প্রতিষ্ঠান ও সেবাকেন্দ্রে দিবস সংশ্লিষ্ট স্ব স্ব কর্মসূচি এবং শিশু সংশ্লিষ্ট উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য সংগ্রহ করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় | পরিচালক (আইইএম); বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল); উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) |
| ০৭. | উন্নতমানের খাবার পরিবেশন | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে বিশেষায়িত প্রতিষ্ঠান/কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করার বিষয়ে আলোচনা করা হয়। | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে বিশেষায়িত প্রতিষ্ঠান/কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | পরিচালক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর/লালকুঠি, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা |
| ০৮. | স্থাপনাসমূহে আলোকসজ্জা করণ | ১৭ মার্চ ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকাস্থ সকল হাসপাতাল, বিভাগ/জেলা কার্যালয়/ মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহে দৃষ্টিনন্দন আলোকসজ্জাকরণের বিষয়ে আলোচনা করা হয়। | ১৭ মার্চ ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকাস্থ সকল হাসপাতাল, বিভাগ/জেলা কার্যালয়/মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহ দৃষ্টিনন্দনভাবে সীমিত আকারে আলোকসজ্জিত করতে হবে | আইইএম ইউনিট, ঢাকাস্থ সকল হাসপাতাল, বিভাগ/ জেলা কার্যালয়/ মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহ |
| ০৯. | বঙ্গবন্ধুর আদর্শ ও জীবনীর ওপর ডকুমেন্টারী নির্মাণ, ব্যানার ডিজাইন ও মুদ্রণ এবং পত্রিকায় শুভেচ্ছা বাণী প্রকাশ | জাতির পিতার জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ডকুমেন্টারী নির্মাণ, ব্যানার মুদ্রণ ও পত্রিকায় শুভেচ্ছা বাণী প্রকাশের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতার জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে নির্ধারিত প্রতিপাদ্য সন্নিবেশন করে ডকুমেন্টারী, ব্যানার, পোষ্টার, দাওয়াত কার্ড, পত্রিকায় প্রকাশিতব্য শুভেচ্ছা বাণী ইত্যাদি সকল কিছুর ডিজাইন আইইএম ইউনিট হতে প্রণয়ন এবং সফট কপি মাঠপর্যায়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় | আইইএম ইউনিট, সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/হাসপাতাল/সেবা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান |
| ১০. | সার্বিক কার্যক্রম সমন্বয়ের উদ্দেশ্যে কমিটি গঠন | অনুষ্ঠান সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। | সকল অনুষ্ঠান সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য নিম্নরূপ কেন্দ্রীয় মনিটরিং কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়: | |

- কেন্দ্রীয় সমন্বয় কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

জনাব সাহান আরা বানু, এনডিসি, মহাপরিচালক (গ্রেড-১),
পরিবার পরিকল্পনা অধিদপ্তর — উপদেষ্টা

**কমিটি:**

১. পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট - আহবায়ক
২. পরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট - সদস্য
৩. পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট - সদস্য
৪. পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস),এমসিএইচ-সার্ভিসেস ইউনিট- সদস্য
৫. পরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট - সদস্য
৬. পরিচালক (অর্থ), অর্থ ইউনিট - সদস্য
৭. পরিচালক (আইইএম), আইইএম ইউনিট - সদস্য
৮. পরিচালক (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট - সদস্য
৯. লাইন ডাইরেক্টর (সিসিএসডিপি), সিসিএসডিপি- সদস্য
১০. পরিচালক, এমএফএসটিসি, মোহম্মদপুর, ঢাকা- সদস্য
১১. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা- সদস্য
১২. পরিচালক, এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর- সদস্য
১৩. অধ্যক্ষ, এফডব্লিউটিআই, আজিমপুর, ঢাকা সদস্য
১৪. উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ইউনিট - সদস্য সচিব

**কর্মপরিধি:**

১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে-

- জাতীয় পতাকা উত্তোলন;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;
- সকল আয়োজন যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে সমন্বয়, পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং অবহিতকরণ।

সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সাহান আরা বানু, এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৮.২১-১১৪২/১(২১০). তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ / ১৩ মার্চ ২০২৪

১. অতিরিক্ত সচিব (প্রশাসন)/ (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. পরিচালক ও লাইন ডাইরেক্টর (সকল), ........................ ইউনিট পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৩. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ........................................বিভাগ
৪. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা
৫. পরিচালক, এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর, ঢাকা
৬. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা
৭. উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৮. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), ....................................................জেলা
৯. প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট (প: প: অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. অধ্যক্ষ, এফডব্লিউটিআই, আজিমপুর, ঢাকা
১১. সহকারী পরিচালক (সমন্বয়/কমন সার্ভিস/মনিটরিং/পরিবহন/বাজেট/ডিডিও), প: প: অধিদপ্তর
১২. মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
১৩. পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
১৪. অফিস কপি

(১-১১:) সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১৩/৩/২৪

(মোহাম্মদ ফখরুল আলম)
সহকারী পরিচালক (কমন সার্ভিস)
প্রশাসন ইউনিট
ফোন: ৫৫০১২৩৪৬